

Roll No.

--	--	--	--	--	--	--

Candidates must write the Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে 11 ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে 16 টি প্রশ্ন আছে ।
- উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains 11 printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 16 questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

বাংলা

BENGALI

সময় : 3 ঘন্টা

সর্বমোট অঙ্ক : 85

Time allowed : 3 hours

Maximum Marks : 85

## SECTION A (Reading)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :

1+1+1+1+1=5

সাম্প্রতিক কালে অনুষ্ঠিত এশিয়ান চ্যাম্পিয়নশিপ-এ মেরি কম-এর স্বর্ণপদক বিজয় শুধু মহিলাদের মধ্যে নয়, সমস্ত খেলোয়াড়দের মধ্যেই একটা বিরাত অনুপ্রেরণার সৃষ্টি করেছে। স্বর্ণপদক পাবার পর মেরি বলেন, “... আমার প্রত্যেকটা সাফল্যের পেছনে একটা করে গল্প রয়েছে। কিন্তু এই পদকের জন্য লড়াইটা খুব সহজ ছিল না। কারণ, বয়সটা পয়তিরিশ হয়ে গিয়েছিল। তিন তিনটি সন্তান বাড়িতে, কোচেরা বলেছিলেন, পরিশ্রম কর। তাহলে ফের এশিয়ার সেরা বক্সার হতে পারবি। আমি অনুশীলনে একটু-ও ফাঁকি দিইনি।”

সেই অনুশীলনের পরিশ্রম-ই মেরিকে জিতিয়েছিল, একথা তা’র কোচরা খুব জোর দিয়ে বলেছেন। ভারতীয় দলের অন্যতম কোচ আলি কামার বলেন, “মেরির প্রতিপক্ষ উত্তর কোরিয়ার মেয়েটা খুব লম্বা ছিল। তাই রিং-এ ঢোকার আগে আমি আর মেরির ব্যক্তিগত কোচ ছোটেলাল যাদব মেরির রণনীতি ঠিক করে দিয়েছিলাম।”

কী সেই রণনীতি? আলি কামারের কথায়, “শুরু থেকেই আক্রমণে গিয়ে বিপক্ষকে পাল্টা আক্রমণে প্রলুদ্ধ কর। তারপর সে ঘুঁষি চালালে নিজের ফিটনেস কাজে লাগিয়ে সেগুলোকে এড়িয়ে যাও। এবার বিপক্ষ নিজেকে সামলাবে, ঠিক সেই সময় প্রতি আক্রমণ করে তাকে শেষ করে দাও।” ম্যাচে ঠিক তাই হয়েছে। পর পর দু’রাউন্ডেই মেরি ৫-০ করে জেতে। যদিও প্রথম দুই রাউন্ডে এক তরফা জিতলে-ও তৃতীয় রাউন্ডে হেরে গিয়েছিলেন মেরি। কিন্তু প্রথম দু’রাউন্ডের ঝকঝকে ফলের সুবাদে বিজয়ী ঘোষণা করা হয় তাকে। মেরির সেই বিজয়লাভের সাক্ষী হতে ভারতীয় দূতাবাস থেকে অনেকে সেদিন স্ট্যাডিয়াম-এ সপরিবার এসেছিলেন। তাঁদের অভিবাদন করতে গিয়ে কেঁদে ফেলেন মেরি।

- মেরির স্বর্ণপদক লাভ খেলোয়াড়দের মধ্যে কী সৃষ্টি করেছে?
- কেন মেরির লড়াইটা সহজ ছিল না?
- লড়াইয়ে সেদিন জতার জন্য মেরির কোচরা কী রণনীতি তৈরি করেছিলেন?
- সেদিন কোন রাউন্ডে মেরি হেরে গিয়েছিলেন?
- ‘দূতাবাস’ শব্দটির সন্ধিবিচ্ছেদ কর।

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :

1+1+1+1+1=5

আমাদের দেশে ইচ্ছামত ছবি দেখতে পাওয়া মুস্কিল । মূল ছবি অধিকাংশই বিদেশে, যেটুকু এদেশে আছে তাও নানাস্থানে, রাজারাজড়া ও ধনীলোকের সংগ্রহে ছড়িয়ে আছে । একমাত্র সম্পূর্ণ অবস্থায় আছে গুহার ছবি যেগুলি স্থানান্তর করা যায় না । সুতরাং ইচ্ছামত ছবি দেখা যায় না । কোনোও গ্রন্থাগারেও দেশবিদেশের ছবি সম্বন্ধে পুরোপুরি সংগ্রহ নেই, ছবি বুঝতে গেলে যে ধরনের ইতিহাস, ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি, রাজনীতি সম্বন্ধে বই থাকা দরকার তাও নেই । ফলে চিত্রকলার ছাত্রকে প্রায়ই দিশাহারা হাত হয় ।

ছবি সম্বন্ধে জানতে হলে, বুঝতে হলে ছবি দেখা দরকার । কোনো শিল্পীর আঁকা একটি ছবি আবার একক ভাবে স্বয়ংসম্পূর্ণ নয় । সে ছবি সেই শিল্পীর অনেক কাজের মধ্যে একটি মাত্র সুতরাং তাঁর অন্যান্য কাজ না দেখে ঐ একটি ছবি দেখে তাঁর সম্বন্ধে আন্দাজ করতে যাওয়া ভুল । সেই শিল্পী আবার কোন একটি বিশেষ দেশে, একটি বিশেষ সময়ে, একটি বিশেষ ঐতিহাসিক, সামাজিক, রাজনৈতিক পরিবেশের মধ্যে কাজ করেছেন । কিন্তু শুধু সেইটুকু দেশ, সেইটুকু কাল ও সেইটুকু পরিবেশের মধ্যেই ঐ শিল্পীকে সম্পূর্ণ বোঝা যাবে না । সেই কালের, সেই দেশের-ও পূর্বাপর আছে । শিল্প, চিত্রশিল্পকে বুঝতে গেলে আমাদের খাটতে হবে । কিন্তু সেই খাটুনিও বিশেষ ফলদায়ক, আনন্দদায়ক ।

- আমাদের দেশে কি ইচ্ছামত ছবি দেখতে পাওয়া যায় ?
- মূল ছবি সাধারণত কোথায় আছে ?
- ছবি সম্বন্ধে জানতে হলে, বুঝতে হলে কী দরকার ?
- কোন শিল্পীর আশ একটি ছবি কী স্বয়ংসম্পূর্ণ ?
- 'বিদেশে' শব্দটির বিপরীতার্থক শব্দ কী হবে ?

## SECTION B (Grammar)

3. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোন *একটির* সংজ্ঞা ও দু'টি উদাহরণ লেখ : 3+2=5

- (a) অভিপ্রতি
- (b) স্বরভক্তি
- (c) স্বরসঙ্গতি

4. যে কোন *একটি* অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ : 2+3=5

- (a) অনুপ্রাস
- (b) উপমা
- (c) শ্লেষ

### অথবা

অলঙ্কার নির্ণয় করো এবং সংজ্ঞা লেখ (*একটি*) :

- (a) ওই সিন্ধুর টিপ সিংহল দ্বীপ কাঞ্চনময় কেশ
- (b) গগনে গরজে মেঘ ঘন বরষা
- (c) কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে প্রচেতঃ !
- (d) পাইয়া চরণতরী, তরি ভব আশা

5. যে কোন *চারটি* বাগধারা/প্রবাদের অর্থ লিখে একটি করে বাক্যরচনা কর : 2×4=8

অন্ধকারে টিল ছোঁড়া, দুনৌকায় পা, কলুর বলদ, চোখে চোখে রাখা, নয়নের মণি, তীরের কাক, মিছরির ছরি, পাকা ধানে মই ।

## SECTION C (Composition & Writing)

6. নীচে সংবাদপত্রের একটি প্রতিবেদন দেওয়া হ'ল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :

2×3=6

সম্প্রতি কালে বড় বড় শহরগুলিতে বসবাস করা বৃদ্ধ লোকদের জীবনের শেষ আশ্রয় হচ্ছে ব্যাঙের ছাতার মত গজিয়ে উঠা বৃদ্ধাবাসগুলি। অনেকের সন্তানরা বিদেশে থাকেন। সেখানে তাঁদের বৃদ্ধ-মা-বাবারা গিয়ে থাকতে চান না, অনেক ছেলেমেয়ে বৃদ্ধ বাবা-মাকে নিজের বাড়িতে রাখতে-ও চান না। এই সমস্ত নানা কারণে বৃদ্ধাবাসের সংখ্যা আমাদের দেশে বেড়ে চলেছে। অনেক বৃদ্ধলোক যাঁদের সন্তানরা এই দেশেই রয়েছে, তাঁরাও অনেকে কিন্তু পরবর্তী প্রজন্মের চিন্তাধারার সঙ্গে নিজেকে মানিয়ে নিতে পারেন না, ভাবেন ছেলেমেয়েদের জীবনের নিজস্ব অনেক সমস্যা আছে, 'কেন আমরা ওদের বোঝা বাড়াবো'? এই সমস্ত কিছু মध्येই কিছুটা সত্য আছে। কিন্তু বাইরের থেকে দেখলে কোথায় যেন আমাদের মন এসবে সায় দিতে চায় না। কারণ বুড়ো বয়সের যে নিঃসঙ্গতা, একজন স্বাস্থ্যবান কর্মকুশল ব্যক্তির অথর্ব হয়ে যাওয়া – সেই সময়ে ত সেই ব্যক্তি তাঁর পরিবারের একজনের সঙ্গে, ভালোবাসা সব থেকে বেশি চাইবেন, এটাই ত তাঁর পক্ষে স্বাভাবিক। কেন তিনি সেটা পাবেন না? এই সমস্যাটিকে ব্যক্তিগত স্তরে না রেখে সামাজিক স্তরে নিয়ে আসা প্রয়োজন। এই পদক্ষেপ সমাজকে অনেক সুস্থ ও সুন্দর করে তুলবে।

- (a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।  
(b) দু'টি বাক্য মূল বিষয়টির প্রতি আলোকপাত কর।  
(c) কেন আমাদের দেশে আজকাল এত বৃদ্ধাবাস গড় উঠেছে?

7. সম্প্রতি তুমি বন্ধুদের সঙ্গে বেড়িয়ে ফিরে এসেছ। বেড়ানো কেমন হয়েছে তা জানিয়ে মাকে একটি চিঠি লেখ।

3+3=6

অথবা

স্কুলের শেষ দিনটি কেমন ছিল সে বিষয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

## SECTION D (Literature)

8. “ভাজাররা বলে দিয়েছে বলেই তো আজ এই যজ্ঞ – হোম হচ্ছে ।”

- (a) কোথা থেকে নেওয়া হয়েছে, কার লেখা ?
- (b) ভাজাররা কার সম্পর্কে, কী বলেছেন ?
- (c) কীভাবে এই ‘যজ্ঞহোমের’ আয়োজন করা হয়েছিল । যজ্ঞহোমের কারণ লেখ ।

1+1+3=5

### অথবা

“হঠাৎ বিকেলে এক অদ্ভুত দৃশ্য দেখা গেল  
মাঠ পেরিয়ে একটা চ্যাংদোলা আসছে ।”

- (a) কোথা তেকে নেওয়া হয়েছে, কার লেখা ?
- (b) ‘চ্যাংদোলা’ মানে কী ?
- (c) এরপর কী হয়েছিল ?

9. সঠিক উত্তরটি নির্বাচন করো । (MCQ) যে কোনে পাঁচটি :

1×5=5

- (a) মৃত্যুঞ্জয় ভেঙে পড়েছিল কারণ
  - (i) তার শরীর দুর্বল ছিল ।
  - (ii) অনাহারে মৃত্যুর ঘটনা সে সহ করতে পারছিল না ।
  - (iii) টুনুর মা শয্যাশায়ী হয়েছিল ।
- (b) খুখুরে ভিখিরী বুড়ির গায়ে কী জড়ানো ছিল ?
  - (i) পশমী চাদর
  - (ii) পশমের কঞ্চল
  - (iii) চিটচিটে তুলোর কঞ্চল
- (c) বড়ো বউ শ্বশুরকে কী দিয়ে সরবত দিত ?
  - (i) বেল
  - (ii) দই-ইসবগুল
  - (iii) আম

- (d) ‘টাকাটা কোন রিলিফ ফান্ডে দিয়ে আসতে হবে’ – বলেছিল
- নিখিল
  - মৃত্যুঞ্জয়
  - টুনু
- (e) তোমার পাঠ্য বইয়ের ‘ভারতবর্ষ’ গল্পটি লিখেছেন :
- রমাপদ চৌধুরি
  - এস. ওয়াজেদ আলি
  - সৈয়দ মুস্তাফা সিরাজ
- (f) এই সংসারে সব কিছুই চলে কার নিয়মে ?
- পিসিমা
  - বড়-বৌ
  - বাসিনী
- (g) “তারপর মৃত্যুঞ্জয়ের গা থেকে ধুলিমলিন সিল্কের জামা অদৃশ্য হয়ে যায়”  
কারণ
- সে জামাটি একজনকে দান করে
  - সে ভিখিরী হয়ে যায়
  - দুটোর একটা-ও নয়
- (h) ‘ময়ূরছাড়া কার্তিক আসবে নাকি ?’ – কথাটি বলেছেন :
- বুড়ো কর্তা
  - বড়ো পিসিমা
  - বড়-বৌ

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ :

5

আমি তা পারি না, যা পারি কেবল/সে-ই কবিতায় জাগে ।

অথবা

গাছের সবুজটুকু শরীরে দরকার/আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার ।

11. ‘আমৃত্যুর দুঃখের তপস্যা এ জীবন’

- (a) কার লেখা, কোন কবিতার অংশ ?
- (b) ‘আমৃত্যু’ শব্দটির অর্থ কী ?
- (c) কবি জীবনকে ‘দুঃখের তপস্যা’ কেন বলেছেন ?

1+1+3=5

অথবা

‘শহরের অসুখ হাঁ বসে কেবল সবুজ খায়’

- (a) কার লেখা, কোন কবিতার অংশ ?
- (b) ‘শহরের অসুখ’ বলতে কী বোঝানো হয়েছে ?
- (c) কেন তা কেবল সবুজ খায় ?

12. ‘শিল্পকে যে ভালোবেসেছে তার বার্ষিক্য নেই’

- (a) কে কখন এই উক্তিটি করেছেন ?
- (b) উক্তিটির কারণ কী ?

2+3=5

অথবা

“কে ? কী চাই তোমার ? কী চাই ? কে ? কে তুমি ?”

- (a) কে, কখন এই উক্তিটি করেছেন ?
- (b) কেন তিনি এই উক্তি করেছেন ? সেই সময়ে তাঁর হাবভাব কেমন ছিল ?

13. সঠিক উত্তরটি নির্বাচন কর । (MCQ) যে কোনে পাঁচটি ।

1×5=5

- (a) অভিনেতা রজনীকান্ত যখন মঞ্চে ঢোকেন, তাঁর হাতে ছিল :
  - (i) লাঠি
  - (ii) মোমবাতি
  - (iii) লন্ঠন
- (b) রজনীকান্ত কোন চরিত্রের সাজে মঞ্চে প্রবেশ করেন ?
  - (i) আলমগীর
  - (ii) দিলদার
  - (iii) সাজাহান



- (c) রজনীকান্ত ঘুমিয়ে পাড়ছিলেন
- (i) স্টেজের উপর
  - (ii) গ্রীনরুমে
  - (iii) দর্শকের আসনে
- (d) 'এত টানলে কি কান্ডকান থাকে ?' এখানে 'টানলে' মানে :
- (i) গাড়ি চালালে
  - (ii) থিয়েটারের পর্দা টানা
  - (iii) মদ্যপান করা
- (e) প্রম্পটারের নাম ছিল :
- (i) রামরীজ
  - (ii) কালীনাথ
  - (iii) উমানাথ
- (f) 'সাজাহান' নাটকটি লিখেছেন :
- (i) রবীন্দ্রনাথ ঠাকুর
  - (ii) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
  - (iii) ছিজেন্দ্রলাল বায়
- (g) অভিনেতা রজনীকান্তের বয়স ছিল
- (i) ৪০
  - (ii) ৫০
  - (iii) ৬৮
- (h) রজনীকান্ত চট্টোপাধ্যায়ের মতে অভিনেতা আসলে
- (i) বুদ্ধিমান
  - (ii) বোকা
  - (iii) অস্পৃশ্য ভাঁড়

14. জয়তোরণে ঠাসা মহনীয় রোম/বানাল কে ? কাদের জয় করল সিজার ?

(a) কার লেখা ? কোন কবিতার অন্তর্গত ?

(b) এই উক্তি়র মধ্যে ব্যঙ্গ আছে বলে মনে কর কী ?

2+3=5

অথবা

“জয়োৎসবের ভোজ বানাত কারা” ?

(a) কার লেখা ? কোন কবিতার অন্তর্গত ?

(b) এই অংশের তাৎপর্য লেখ ।

15. “এত ফসল, এত প্রাদুর্ঘ্য – তবু মানুষগুলোর দিকে তাকালে মনে হয় জীবনে তাদের শান্তি নেই ।”

(a) মানুষগুলো বলতে কাদের বোঝানো হয়েছে ?

(b) লেখক মানুষগুলো সম্পর্কে এই কথা বলেছেন কেন ?

1+4=5

অথবা

“এরা ছাড়াও জেলখানায় একদল অভিজাত শ্রেনীর কয়েদী আছে ।”

(a) কোন জেলখানার কথা বলা হয়েছে ?

(b) অভিজাত শ্রেনীর কয়েদীদের বর্ণনা দাও ।

16. সঠিক উত্তরটি নির্বাচন কর । (MCQ) যে কোনে পাঁচটি ।

1×5=5

(a) সুসং শহরের গা দিয়ে কোন নদী বয়ে যাচ্ছে ?

(i) তোসাঁ

(ii) সোমেশ্বরী

(iii) তিস্তা

(b) জেলের সব কাজ করানো হয় তাদের দিয়ে ?

(i) কয়েদিদের দিয়ে

(ii) সিপাহীদের দিয়ে

(iii) পুলিশদের দিয়ে

- (c) বক্সা জেলখানার অবস্থান :
- (i) বিহার রাজ্যে,
  - (ii) সুসং শহরের কাছে,
  - (iii) শিলিগুড়ি পেরিয়ে ডুয়ার্সের গায়ে ।
- (d) বক্সাজেলের অন্তরমহল ক'টা ফটক পেরিয়ে ?
- (i) একটা
  - (ii) দু'টো
  - (iii) তিনটা
- (e) পঁচিশ বছর আগে কে কালীঘাটে পৈতে নিয়ে কলকাতার গল্প বলেছিল ?
- (i) জয়ন্তবাবু
  - (ii) মোনাঠাকুর
  - (iii) রামদুলাল
- (f) 'বাঙাল' মানে
- (i) বাঙালী
  - (ii) চাষাতুষো
  - (iii) সংস্কৃতিহীন
- (g) বড়োবাজারের বিলেতী কাপড়ের দোকানে চলছে
- (i) মারামারি
  - (ii) দাস্তা
  - (iii) পিকেটিং
- (h) মুস্তাফার বয়স কত ?
- (i) বছর আটেক
  - (ii) বছর নয়েক
  - (iii) বছর দশেক